HSC English 2nd Paper Grammar

Topic: Modifier

Modifier কি?

Modify মানে বিশেষায়িত করা। এটি একটি Verb, যেমন: Play থেকে আসে Player, Drive থেকে আসে Driver। ঠিক তেমনি Modify থেকে আসে Modifier। সুতরাং, Modifier অর্থ হল কোন Word কে বিশেষায়িত করা বা অতিরিক্ত তথ্য দেওয়া অথবা কোন Word এর তথ্য পরিষ্কার করে দেওয়া।

Modifier Grammar এর বিস্তারিত ব্যখ্যায় যাওয়ার আগে ব্রাকেটের অংশটা ভালভাবে বুঝে নেওয়া দরকার। ব্রাকেটে কোন Modifier ব্যবহার করতে হবে তা ২ ভাবে উল্লেখ থাকে। যেমন, একটি noun কে pre modify করতে বলা হচ্ছে, তখন সেটা নিম্নোক্ত ২ পদ্ধতিতে উল্লেখ থাকতে পারে।

- Pre modify the noun with an adjective
- Use an adjective to pre modify the noun

এখানে খেয়াল করো, দুটি ব্রাকেটেই কিন্তু একই কথা বলা আছে, প্রথমটির অর্থ হল বিশেষায়িত কর Noun টিকে একটি Adjective দিয়ে। এবং দ্বিতীয়টির অর্থ হল - একটি Adjective ব্যবহার কর Noun টিকে বিশেষায়িত করার জন্য। সুতরাং, এখানে বুঝে নিতে হবে, আসলে কোন element ব্যবহার করতে বলা হয়ছে Modify করার জন্য। অনেক সময় কোন Modifier ব্যবহার করতে হবে তা ব্রাকেটে স্পষ্ট করে উল্লেখ থাকে না। সে ক্ষেত্র আমরা আমাদের সুবিধা মত অর্থাৎ যে Modifier টা মিলবে সেটিই Use করব। সেটা হতে পারে একটি Adjective, Intendifier etc ইত্যাদি।

Modifier এর প্রকারভেদ: Modifier কে মূলত দুই ভাগে ভাগ করা যায়:

1. Pre-Modifier
2. Post Modifier

- **Pre-Modifier:** যে Modifier কোন Word বা Noun এর পূর্বে বসে সেই Word সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করে তাকে Pre-Modifier বলে।
  যেমন—He is a (pre modify the noun with an adjective) boy.
  উত্তর: good//bad/excellent/meritorious ইত্যাদি।

NOTE: এখানে, Noun হল "boy" এবং এটাকে একটি Adjective দিয়ে Pre-Modify করতে বলা হয়েছিল। তাহলে, এখন বোঝা গেল যে, Pre-Modify ব্যবহার করতে বলা হলে খালি ঘরটা সব সময় Noun এর আগে বসে।

- **Post-Modifier:** যে Modifier কোন Word বা Noun এর পরে বসে সেই Word বা Noun কে বিশেষায়িত করে তাকেই বলা হয় Post-Modifier.
  যেমন—I saw a blind man (use a present participle to post modify the noun).
  উত্তর: walking/running/talking ইত্যাদি। সুতরাং, Post-Modify করতে বলা হলে খালি ঘরটা সব সময় Noun এর পরে বসে।

চলো, আমরা Pre-Modifier এর উপাদান (elements) গুলো খুব সহজে সংক্ষেপে বুঝে নেই:

- Determiner (the, one)
- Pre-determiner (all, few)
- Adjective (noun এর দোষ, গুণ, অবস্থা, পরিমাণ ইত্যাদি)
- Intensifier (very, much: তীব্রতা বোঝাতে)
- Possessive pronoun (my, our, their, your, his, her, its)
- Demonstrative (this, that, these, those)
- Article (a, an, the)
- Quantifier: পরিমাণবাচক (many, more, much)

- Infinitive (to + v1)
- Present participle (v1 + ing)
- Past participle (V3)
- Nominal (mixing word)
- Noun Adjective (noun যখন adjective হয়ে যায়)

■■■ উপরিউক্ত Element গুলো সম্পর্কে বিস্তারিত ■■■

• **Rule —1: Determiner:** Determiner মানে হল নির্দেশক। সুতরাং, যখন কোন Noun কে নির্দেশ করতে বলা হয় ঠিক তখনই Determiner "the" ব্যবহৃত হয়। "The" ছাড়াও আরও কয়েকটি Determiner আছে তবে সবচেয়ে বহুল ব্যবহৃত Determiner হল " the".
Example: Jamuna is (pre modify the adjective with determiner) longest river in our country.
Ans: the

• **Rule —2: Pre-determiner:** পূর্ব নির্দেশককে ইংরেজীতে Pre-determiner বলা হয়। এই Modifier টি সাধারণত Determiner এর আগে বসে। বহুল ব্যবহৃত Pre-determiner টি হল "all".
Example: (use a pre determiner) the students are present today.
Ans: All

• **Rule —3:** Adjective: আমরা সবাই জানি যে Adjective দ্বারা Noun এর দোষ, গুণ, অবস্থা ও পরিমাপ বোঝায়। সুতরাং, যখন Pre-Modifier হিসাবে Adjective ব্যবহার করতে বলা হবে তখন Passage এর সাথে প্রসঙ্গ ঠিক রেখে Noun এর দোষ বা গুণ বাচক একটি Adjective দিতে হবে। Modifier এর প্রশ্নটি পড়ার সময় খালিঘরে " কেমন" প্রশ্ন করে উত্তর মিলানোর চেষ্টা করতে হবে।
Example: I saw a (use an adjective to pre modify the noun) car.
Ans: red/black/new/old/Bangladeshi/broken (সব গুলোই সঠিক, কারণ সবগুলোই গাড়িটির দোষ, গুণ, অবস্থা নির্দেশ করে। তবে passage এ গাড়িটি সম্পর্কে যে কথা বলা থাকবে আমাদেরও সে অনুযায়ী adjecive নির্বাচন করতে হবে। মনে করো passage টি পুরানো গাড়ি নিয়ে লেখা, তাহলে আমাদের "old" adjective ব্যবহার করতে হবে।)

• **Rule —4: Intensiier:** কোন কিছু জোর দিয়ে বলার জন্য Intensifier ব্যবহার করা হয়। সবচেয়ে বেশী ব্যবহার হওয়া Intensifier হলো "very"। এখানে কোন Grammar এর নিয়ম মেনে চলা লাগে না। শুধু "very" এবং "much" ব্যবহার করে Modifier সম্পন্ন করা যায়।
Example: Shakib is a (pre modify the adjective with an intensifier) good player.
Ans: very

• **Rule —5: Possassive Pronoun:** আমার, তোমার, তার, তাদের, আমাদের, এটার এগুলোর ইংরেজী my, your, his, her, their, our, it's; এগুলোকেই Possessive Pronoun বলা হয়। এখানেও কোন Grammar লাগে না। ব্রাকেটে Possessive দেখলেই Subject অনুযায়ী উপরোক্ত একটি Pronoun ব্যবহার করলেই হয়ে যাবে।
Example: They completed (use possessive) task.
Ans: their

• **Rule —6: Demonstrative Pronoun:** এই Modifier টিতেও কোন Grammar লাগে না। তোমাকে শুধু this, that, these, those এই চারটি Word মনে রাখতে হবে। যখন ব্রাকেটের ভিতর Demonstrative লেখা থাকবে, তখন Subject এর Singular, Plural দেখে this, that বসাতে হবে। এই, এটা বোঝালে this, ঐ, ঐটা বোঝালে that, এইগুলো বোঝালে these, ঐগুলো বোঝালে those। সুতরাং, this, that হলো singular এবং these, those হলো plural

Example: (use demonstrative to pre modify the noun) mobile works well.
Ans: this/that (এখানে mobile একটি বুঝিয়েছে তাই এটা Singular)
Plural example: mobiles work well.
Ans: those (কারণ, এখানে অনেকগুলো mobile এর কথা বোঝানো হয়েছে)।

• **Rule —7:** Article: Article ব্যবহারের জন্যেও কোন Grammar লাগে না। অর্থ এবং Singular Plural ঠিক রেখে a, an, the article ব্যবহার করলেই যথেষ্ঠ।
Example: They bought (pre-modify the noun with article) football from the market.
Ans: a

• **Rule —8:** Quantifier: Quantifier word টি এসেছে Quantity থেকে, যেটা দ্বারা পরিমাণবাচক অর্থ বোঝায়। যেমনঃ many, more। এখানেও তেমন Grammar লাগে না।
Example: There are (use quantifier) flowers in my garden.
Ans: many

• **Rule —9:** Infinitive: to+v1 কে Infinitive বলা হয়। এখানে একটু Grammar বিদ্যমান। যখন Pre Modifier হিসাবে Infinitive ব্যবহার করতে বলা হবে তখন শূন্যস্থানে "তে" ধরে নিয়ে অর্থাৎ কোন কাজ করতে ধরে নিয়ে বাক্যের অর্থ করার চেষ্টা করবে।
Example: They went market (use an infinitive) shirts.
Ans: to buy

• **Rule —10:** Present Participle: V1+ing কে Present Participle বলা হয়, যা দ্বারা সাধারণত কোন কিছুর তখনকার চলমান অবস্থা বোঝানো হয়।
Example: We saw a (use present participle) robot.
Ans: moving/running/walking/talking

NOTE: এখানে, move হল মূল verb এর present form। এর সাথে ing যুক্ত করার পর হলো moving, যা রোবটটির চলমান অবস্থা নির্দেশ করে। এই present participle বেশীরভাগ ক্ষেত্রে adjective এর কাজ করে।

• **Rule —11:** Past participle: Verb এর ৩ নম্বর রূপকেই Past Participle বলে। এটাও কোন Noun এর অবস্থা নির্দেশ করে।
Example: There was a (past participle) bus on the road.
Ans: broken

NOTE: "break" verb এর ৩ নম্বর রূপ broken দ্বারা বাসটির অবস্থা বোঝানো হয়েছে। এটিও adjective এর মত কাজ করে।

• **Rule —12:** Nominal (mixing word): দুটো অর্থপূর্ণ Word এর সংমিশ্রণে যখন কোন Word গঠিত হয়, তখন তাকে Nominal বলে। যেমন: heart-broken
Example: It was a (use nominal) news.
Ans: heart-striken (হৃদয় বিদারক)

• **Rule —13:** Noun Adjective: কোন Noun এর পূর্বে যখন অন্য আরেকটি Noun ব্যবহার করা হয় তখন পূর্বে ব্যবহৃত Noun টি আর Noun থাকে না, সেটি হয়ে যায় একটি Adjective. তাই এটাকে বলা হয় Noun Adjective.
Example: Rana is a (use a noun adjective to pre-modify the noun) student.
Ans: school/college

NOTE: school/college হল Noun. কিন্তু "student" Noun এর আগে বসার কারণে এটি Adjective এ পরিণত হয়ে গেছে।

চলো, আমরা Post-Modifier এর উপাদান (elements) গুলো খুব সহজে সংক্ষেপে বুঝে নেই:

- Appositive (Subject সম্পর্কে ছোট বর্ণনা)
- Present participle
- Past participle
- Infinitive phrase
- Prepositional phrase
- Adverb

■■■ উপরিউক্ত Element গুলো সম্পর্কে বিস্তারিত ■■■

● **Rule —1:** Apositive: কোন Subject (ব্যক্তি, বস্তু, জায়গা, বিষয়) সম্পর্কে ছোট ব্যখ্যা বা বর্ণনাকেই বলা হয় Appositive। Appositive এ পুরো বাক্য লেখা লাগে না। Subject সম্পর্কে দুই একটা কথা কয়েকটি Phrase এর মাধ্যমে উল্লেখ করলেই হবে। Appositive এ বর্ণনাটা দুটো কমার ভিতর লেখা হয়।
Example: Kazi Nazrul Islam, (use appositive to post modify the noun) wrote many poems.
Ans: a great poet

NOTE: উক্ত উদাহরণটিতে খালিঘরে আমরা লিখতে পারতাম "who was a great poet". কিন্তু এটা একটা Clause। তাই আমরা এটা লিখব না। বরং এখানে কয়েকটি Word লিখতে হবে। তাই উত্তর হবে a great poet

● **Rule —2:** Present Participle: Pre Modifier এ আমরা জেনেছি যে Present Participle গঠিত হয় মূল verb এর সাথে ing যোগ করে। এখানেও একই নিয়ম তবে এখানে Present Participle টি Noun এর পরে বসে। এবং তা Noun টির একটি চলমান অবস্থা নির্দেশ করে থাকে।
Example: I saw a car (present participle) in water.
Ans: going/running

● **Rule —3:** Past Participle: V3 হল Past Participle। এখানেও Noun এর অবস্থা নির্দেশ করা হয়।
Example: I found my chair (past participle) in the room.
Ans: broken

● **Rule —4:** Infinitive Phrase: আমরা জানি যে to+v1 কে Infinitive বলা হয়। যখন ব্রাকেটে Infinitive Phrase ব্যবহারের নির্দেশ থাকবে তখন to+v1 এর সাথে আরও কিছু Word যুক্ত করতে হবে।
Example: The boys went market (post modify the noun with infinitive phrase).
Ans: to buy a football.

NOTE: এখানে, to+buy পর্যন্ত Infinitive Phrase ঠিক ছিল। কিন্তু Phrase ঠিক রাখার জন্য "a football" আরও কয়েকটি word যুক্ত করতে হয়েছে।

● **Rule —5:** Prepositional Phrase: এটি খুব সহজ একটি নিয়ম। এখানে শুধু বাক্যের শেষে একটি preposition এবং অর্থ বহুল কয়েকটি word ব্যবহার করতে হবে।
Example: There are many problems (prepositional phrase).
Ans: in our country.

● **Rule —6:** Adverb: Adverb গুলো সাধারণত Verb কে Modify করে এবং বাক্যের বাংলা অর্থ করার সময় অবশ্যই 'ভাবে' ধরে নিয়ে অর্থ করব।

Example: They finished the work (adverb).
Ans: properly

■■■ Now, Practice ■■■

এবার উপরের নিয়মগুলো অনুসরণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর দেয়ার চেষ্টা করো:

1. A balanced diet is a good mixture of (a) ------ (Pre-modify the noun) foods. It is essential (b) ---- (Post-modify the adjective with an infinitive) a healthy life. There are many benefits of eating (c) (Pre-modify the noun) diet because it prevents (d) (Use determiners to pre-modify the noun) diseases. As a result we do not get sick (e) (Post-modify the verb with an adverb). We should not eat the (g) (use adjective to pre-modify the noun) foods for whole week. We can keep fit (h) (use a participle) a balanced diet. But it is not easy (i) (Post-modify the adjective with an infinitive) a balanced diet. Here (j) help us. (use a determiner) nutritionist can
2. Kazi Nazrul Islam is called the Shelley of Bengali literature. He was a (a) -- (Pre-modify the noun) poet. He wrote (b) (Post-modify the verb) in every branch of Bengali literature. Nazrul, (c) (use an appositive), won the attention of everyone in his childhood. He wrote ceaselessly until the death of (d) (use possessive pronoun) poetic flair. He composed his songs (e) (use an infinitive phrase to post-modify the verb). His songs are (f) (use an intensifier to pre-modify the adjective) melodious. He enriched the Bengali literature. He was (j) --(use an article) secular poet. He sang the songs of equality (j) ------- (use and adverbial phrase).
3. Rabindranath Tagore was a (a) .... (Pre-modify the noun) poet of Bangali literature. He was born in a (b)..... (Pre-modify the noun) family at Jarasanko, Kiolokata. He went to school (c)..... (Post-modify the verb). He wrote his (d)..... (Pre-modify the noun) verse at the age of eight. At the age of seventeen, he went to London (e)..... (Post modify the verb with an infinitive) school there. He was put up in a lodging house under the care of a (f).... (Pre-modify the noun) coach, Mr. Scott. He was lucky (g)..... (Post modify the adjective with an infinitive) an English family of Mr. Scott. He also visited the House of Parliament (h)..... (post modify the verb with an infinitive) Gladstone and John Bright's debates on Irish rule. He wrote letters to Kolkata (i)..... (post modify the verb with a present participle) English society. At this, his family thought that they might lose their son (j)..... (Post-modify the verb). So, he was called back to Kolkata.
4. It was a hot (a)... (Use a noun adjective to per-modify the noun) day. A (b) ..... (Pre-modify the noun) crow flew all over the fields looking for water. For a long time, she could not find any water. He felt (c)... (use an intensifier to per-modify the adjective) weak, almost giving up hope. Suddenly, she saw a water jug below her. She flew (d)..... (Post modify the verb) to see if there was any water inside. Yes, she could see some water inside the jug. The crow tried (e)..... (Use an infinitive phrase to post-modify the verb). Sadly, she found that the neck of the jug was too narrow. Then she tried to push the jug down for the water to flow out. But she found (f)..... (Use a demonstrative to pre-modify the noun) jug too heavy. The crow thought (g)..... (Use a phrase to post-modify the verb) what to do. (h)..... (Use a participle to pre-modify the verb), she saw some pebbles nearby. She (i)..... (Pre-modify the verb) had a good idea. She started picking up the pebbles one by one, dropping each into the jug. As more and more pebbles filled the jug, the water level kept rising. Soon it was high (j)..... (Post-modify the adjective) for the crow to drink. The crow quenched its thirst and flew away.

5. Once there lived a (a)..... (Pre-modify the noun) fox in a jungle. One day, while he was walking (b)..... (Post modify the verb) through the jungle he fell into a trap and lost his tail. He felt (c)..... (Pre-modify the adjective) unhappy and sad. But the fox was very cunning. He hit upon a plan. He invited all the foxes (d).... (Post modify the verb with an infinitive) to a meeting. When all the foxes arrived, the fox without a tail said "My dear friends, listen to me, please, I have discovered a (e)..... (Pre-modify the noun) thing. It is that our tails are (f)..... (Pre-modify the adjective) useless. They look ugly and dirty. So, we all should cut off our tails, shouldn't we? All foxes listened to the cunning fox (g)..... (Post-modify the verb). Most of them agreed (h)..... (Post modify the verb with an infinitive) their tails. But an old and (i)..... (Pre-modify the noun) fox said to him, "My friend, your plan is nice but evil. Actually, you want to cut off our tails because you have (j).... (pre-modify the noun with a determiner) tail of your own."